দৈনিক বাংলা

তারিখ 01 SEP 1994
পৃষ্ঠা ৫ কলাম ৭

29

# তিন বোর্ডের পরীক্ষার ফল

একসঙ্গে শুক্রবার নাকি রাজশাহী, কুমিল্লা, চট্টগ্রাম শিক্ষা বোর্ডের এসএসসি পরীক্ষার ফল প্রকাশিত হবে। এ সংক্রান্ত খবরে বলা হয়েছে, পূর্বের মত বোর্ড প্রাঙ্গণে ফল টাঙান হবে না। পরীক্ষার্থীদের ফলের জন্য পরীক্ষা কেন্দ্র এবং নিজ নিজ স্কুলে যেতে হবে।

উল্লেখ্য যে বরাবর বোর্ড প্রাঙ্গণে পরীক্ষার ফল টাঙান হত। আর সকল বোর্ড কর্তৃপক্ষেরই অভিজ্ঞতা হচ্ছে, পরীক্ষার ফল জানা নিয়ে প্রতি বছরই বোর্ড প্রাঙ্গণে সংঘর্ষ হয়। অনেক সময় টাঙান ফলাফল প্রথম ধাক্কায়ই ছিন্ন-বিচ্ছিন্ন হয়ে যায়। কোন কোন বছর পরিস্থিতি সামাল দিতে পুলিশ ডাকতে হয়। এ ব্যাপারে গ্যাস নিক্ষেপ এবং লাঠিচার্জের ঘটনাও পূর্বে ঘটেছে। আর হয়ত এ অভিজ্ঞতার আলোকেই ঢাকা বোর্ড কর্তৃপক্ষ এবার কোন পূর্ব বিজ্ঞপ্তি না দিয়েই বোর্ড প্রাঙ্গণে ফল টাঙান বন্ধ রেখেছিলেন। ফলে, হিতে বিপরীত হয়েছে। বোর্ড কর্তৃপক্ষেরও সিদ্ধান্ত জানা না থাকায় বোর্ড প্রাঙ্গণে ভিড় জমেছে। শেষ পর্যন্ত বোর্ড প্রাঙ্গণে ফল না পেয়ে সকলেই ছুটেছে খবরের কাগজের অফিসের দিকে। এর পরবর্তী ঘটনা সকলেরই জানা। অর্থাৎ সে রাত সাংবাদিকদের পক্ষে ছিল এক হয়রানি এবং বিভ্রান্তির রাত। পরীক্ষার্থীদের করুণ মুখের ফল জানার আগ্রহ যেমন ছিল বেদনাময়, তেমন লাখ লাখ ছাত্রের ফল জানান ছিল সাধ্যাতীত। সেদিন কাউকে জানান না দিয়ে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ সূর্যাস্তের পর পরীক্ষার ফল প্রকাশ করে এক অনাকাঙ্ক্ষিত পরিবেশের সৃষ্টি করেছিলেন।

মনে হতে পারে বাকি তিন বোর্ডের পরীক্ষার ফল প্রকাশের ফলে হয়ত তেমন ঘটনা ঘটবে না। তবে একথাও সত্য যে শুধু বোর্ড প্রাঙ্গণে ফল টাঙালে এবং জানান দিয়ে ফল প্রকাশ করলেই যে সমস্যা সমাধান হবে– পরিস্থিতি তেমন নয়। তাই আমাদের মনে হয় প্রয়োজনীয় সময় হাতে রেখে বোর্ড কর্তৃপক্ষকে বিভিন্ন কেন্দ্রে এবং স্কুলে পরীক্ষার ফল পাঠাতে হবে। এ কাজে হয়ত গোপনীয়তা রক্ষা কঠিন হবে। তবুও খবরের কাগজের অফিসে পৌঁছাবার পূর্বেই পরীক্ষার ফলের বই স্কুল এবং কেন্দ্রে পৌঁছাতে হবে। অন্যথায় খবরের কাগজের সাংবাদিকদের ভোগান্তি হ্রাস পাবার আদৌ কোন সম্ভাবনা নেই। স্মরণে রাখতে হবে, এই তিন বোর্ডের অধিকাংশ ছাত্রছাত্রী ঢাকার বাইরের হলেও এদের বিরাটসংখ্যক আত্মীয়স্বজন রাজধানী ঢাকায় বসবাস করে। অনেকে পরীক্ষা কেন্দ্রে না গিয়ে ঢাকা থেকে ফল জানবার চেষ্টা করে। তাই ঢাকার পত্রিকা অফিসগুলিকে এ ধকল বরাবর সইতে হয় এবং হবেই। এছাড়া একই সাথে তিন বোর্ডের পরীক্ষার ফল প্রকাশ হওয়ায় পত্রিকা অফিসে চাপ বাড়বেই।

তাই বোর্ড কর্তৃপক্ষের কাছে আবেদন–জানান না দিয়ে ফল প্রকাশ করবেন না। পরীক্ষার ফল প্রথম বেলায় প্রকাশ করবেন–ঢাকা বোর্ডের মত সূর্যাস্তের পর নয়। পরীক্ষার ফল সাংবাদিকদের হাতে পৌঁছাবার পূর্বে অবশ্যই প্রতিটি স্কুলে এবং পরীক্ষা কেন্দ্রে পৌঁছাতে হবে। নইলে ফল জানবার এবং জানাবার একমাত্র সূত্র হবে খবরের কাগজের দফতর। এ পরিস্থিতি কাম্য নয় তা বলাই বাহুল্য।